# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

---

৭৮. এক ওযূতে কি একাধিক নামায আদায় করা যায়?

সাহাবী আনাস (রা) বলেন, ‘ওযূ থাকলেও প্রত্যেক সালাতে রাসূলুল্লাহ (স) নতুন করে আবার ওযু করে নিতেন। কিন্তু আমরা (তার সাহাবারা) ওযূ না ভাঙা পর্যন্ত এক ওযূতে কয়েক ওয়াক্ত সালাত আদায় করতাম (তিরমিযী)। তবে মক্কা বিজয়ের দিন রাসূলুল্লাহ (স) এক ওযুতে পাঁচ ওয়াক্ত নামায আদায় করেছিলেন। (মুসলিম, আবু দাউদ: ১৭১)। উক্ত হাদীস দ্বারা বুঝা যায় যে, ওযু থাকলে এক ওযুতে একাধিক নামায পড়া জায়েয আছে। তবে নতুন করে ওযূ করে নেওয়াটা উত্তম বলে প্রতীয়মান হচ্ছে ।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=12814

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন